

উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন স্ট্যাডিং কমিটির সভার কার্যবিবরণীঃ

সভার তারিখঃ ১৯/০৯/২০২১ খ্রি.

সভার সময়ঃ সকাল ১০.৩০ মি.

সভাপতিঃ ওয়াহিদুর রহমান

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ

শ্রীনগর, মুন্সীগঞ্জ।


উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন স্ট্যাডিং কমিটির সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী/আপত্তি না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদিত হয়। অতঃপর উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ের ব্যবস্থাপনায় সার্বিক কার্যক্রম পর্যালোচনাসহ ও কাজকর্মের অগ্রগতির লক্ষ্যে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

১। প্রশিক্ষণঃ সভায় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় মুন্সীগঞ্জ জেলার শ্রীনগর উপজেলা পরিষদ হতে সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ আয়োজনের নিমিত্ত উপ-প্রকল্প পরিকল্পনা ও বাস্তবায়ন নির্দেশনাসহ সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাবনা, প্রাক্কলিত বাজেট এবং প্রশিক্ষণের/কর্মসূচির নমুনা ফরমেট পাওয়া গিয়েছে। নির্দেশনা মোতাবেক উপ-প্রকল্প প্রস্তাবনা, প্রাক্কলিত বাজেট এবং প্রশিক্ষণের সূচি প্রাপ্ত নমুনা ফরমেট অনুযায়ী প্রণয়ন করা হয়েছে এবং প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য আগ্রহী যুবদের নিকট হতে প্রয়োজনীয় কাগজপত্র অদ্য ১৯/০৯/২০২১ খ্রি. তারিখের মধ্যে জমা দিতে নোটিশ জারী করা হয়। এছাড়াও আগামী ২২/০৯/২০২১ খ্রি. তারিখ হতে উত্তর কোলাপাড়া গ্রামে ০৭ দিন মেয়াদী সেলাই বিষয়ক একটি অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্স শুরু করা হবে। অতঃপর উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাবনা, প্রাক্কলিত বাজেট এবং প্রশিক্ষণের সূচি যাচাই-বাছাই করার জন্য কমিটির সদস্যদের অনুরোধ জানান।

২। ঋণ বিতরণ, আদায় ও অন্যান্য কার্যক্রমঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বলেন, অত্র উপজেলায় বেকার যুবদের মাঝে যুব উন্নয়ন অধিদপ্তরের ঋণ নিয়মিতভাবে আদায়ের জন্য কাউকে চাপ দেয়া হচ্ছে না। তবে কোন কোন ঋণ গ্রহীতা স্বেচ্ছায় কিস্তি পরিশোধ করছেন। আদায়ের হার মোটামুটি সন্তোষজনক। সভায় সভাপতি বলেন, কোভিড-১৯ এর কারণে ঋণ গ্রহীতাগণ ব্যাপক ক্ষতিগ্রস্ত হয়েছে। এমতাবস্থায়, তাদের ঋণ মওকুফসহ কোন প্রণোদনার ব্যবস্থা গ্রহণের জন্য যুব উন্নয়ন অধিদপ্তরে আবেদনপত্র বা সুপারিশ প্রেরণ করা হয়েছিল তাদের কোন প্রণোদনার ব্যবস্থা হয়েছে কিনা? এ প্রসঙ্গে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বলেন, যুব উন্নয়ন অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে, কিন্তু কোন চিঠিপত্র এখনও পাওয়া যায়নি। তবে উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, মুন্সীগঞ্জ মহোদয়ের মাধ্যমে প্রধান কার্যালয় হতে জানা যায় ঋণ গ্রহীতাদের সার্ভিস চার্জ মওকুফ করার প্রক্রিয়া অধিদপ্তরের বিবেচনায়ীন আছে।

সিদ্ধান্তসমূহঃ সভায় উপস্থিত সদস্যগণ বিস্তারিত আলোচনা শেষে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় মুন্সীগঞ্জ জেলার শ্রীনগর উপজেলা পরিষদ হতে সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ আয়োজনের নিমিত্ত উপ-প্রকল্প প্রস্তাবনা, প্রাক্কলিত বাজেট এবং সম্ভাব্য প্রশিক্ষণ সূচি পর্যালোচনাপূর্বক কিছু সংশোধনিসহ সর্বসম্মতিক্রমে অনুমোদন করেন। খেলাপী ঋণ আদায়ে মাঠ পর্যায়ে গতিশীল ভূমিকা নিতে হবে; কারণে খেলাপী ঋণীগণ কোভিড-১৯ এর পূর্বে ঋণ নিয়েছেন। খেলাপী ঋণ আদায়ে প্রয়োজনে তাদের এবং প্রশাসনিক সহযোগিতা নেয়ার জন্য অফিসের কর্মকর্তাদের অনুরোধ জানান। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা খেলাপী ঋণ আদায়ে সহযোগিতা করার আশ্বাস দেয়ায় সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

পরিশেষে আর বিশেষ কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


১৯.০৯.২১
(ওয়াহিদুর রহমান)

সভাপতি

উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন স্ট্যাডিং কমিটি

ও

ভাইস চেয়ারম্যান


উপজেলা পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ।

স্মারক নং- ০৪.০২.৫২৮৪.০০০.০৬.০১১.১৪- ২০৯

তারিখঃ ২০/০৯/২০২১ খ্রি.

জনস্বাস্থ্য সনয় জ্ঞাতার্থেঃ

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ
- ২। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, মুন্সীগঞ্জ
- ৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা, শ্রীনগর, মুন্সীগঞ্জ
- ৪। সংশ্লিষ্ট নথি।



(মোঃ আবদুল বাকী)
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
শ্রীনগর, মুন্সীগঞ্জ।